

গপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ৮ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/২২ জুন ২০১০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২৩০-আইন/২০১০ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৯ পৌষ ১৪১৬ বঙ্গাব্দ/১২ জানুয়ারী ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১২-আইন/২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের সর্বত্র উল্লিখিত 'অনুদান' শব্দটির পরিবর্তে 'অনুদান বা sponsorship' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
(সৈয়দ মোঃ আমিনুল করিম)  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ পৌষ, ১৪১৬ বঙ্গাব্দ/১২ জানুয়ারী, ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১২-আইন/২০১০ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১১তম এসএ গেমস ঢাকা ২০১০ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে অর্থায়নের জন্য বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন, অতঃপর বিওএ বলিয়া উল্লিখিত, কে প্রদত্ত অনুদান প্রদানকারী ব্যক্তি বা কোম্পানীর উদ্ধৃত আয়ের নিম্নের তফসিল-ক তে উল্লিখিত অংশের উপর, আরোপযোগ্য আয়করের হার তফসিল-খ তে উল্লিখিত শর্তে, ১০% হারে নির্ধারণ করিল, যথা:-

#### তফসিল-ক

(অনুদান প্রদানকারী ব্যক্তি বা কোম্পানীর উদ্ধৃত আয়ের অংশ)

অনুদান প্রদানকারী ব্যক্তি বা কোম্পানী কর্তৃক ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত অনুদান অথবা অনুদান প্রদানের বৎসরের অর্জিত মুনাফার ২০%, এই দুইয়ের মধ্যে যেটি কম হইবে।

#### তফসিল-খ

(আয়কর হার নির্ধারণের শর্তাবলী)

- (ক) অনুদান প্রদানকারী ব্যক্তির আয় বা কোম্পানীর অর্জিত মুনাফা থাকিতে হইবে;
- (খ) অনুদান প্রদানকারী ব্যক্তি বা কোম্পানী কর্তৃক তফসিলভুক্ত কোন ব্যাংকের একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিওএকে অনুদান প্রদান করিতে হইবে;
- (গ) অনুদান প্রদানকারী ব্যক্তি বা কোম্পানী কর্তৃক প্রাপ্ত একাউন্ট পেয়ী চেক নম্বর, তারিখ এবং ব্যাংকের নাম উল্লেখপূর্বক বিওএ কর্তৃক প্রদত্ত প্রাপ্তি স্বীকার পত্র; এবং
- (ঘ) দফা (ক)-(গ) তে বর্ণিত কাগজাদি সংশ্লিষ্ট ব্যক্তি বা কোম্পানীকে আয়কর হার নির্ধারণকালে রেয়াত প্রাপ্তির প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.ltr.com.bd](http://www.ltr.com.bd)

Bangladesh Tax Update  
রাষ্ট্রপতির আদেশক্রমে,  
সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)